গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪- ৩৮৯ তারিখ ঃ ১৮/০৪/২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ** **রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে ।**

রাজৈর উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ২৬ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৮/০৪/২৩

(মোঃ আনিসুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা................................... কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), ..........................ইউপি, রাজৈর।
জনাব.........................................................
..............................................................

পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র cauzprajoir@gmail.com/ সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

D:\Office Documents File\Resulation\G Notice.doc

# <u>উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ</u>

সভাপতি : মোঃ রেজাউল করিম চৌধুরী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর

স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স, রাজৈর, মাদারীপুর।

তারিখ : ২৬/০৪/২০২৩ খ্রিঃ। সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষন করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় বিভাগওয়ারী আলোচনা হয়।

০২। <u>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলঃ-</u> চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী ভাতা ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা, উপজেলা পরিষদের কর্মচারীর এপ্রিল-২০২৩ খ্রিঃ মাসের বেতন ভাতা ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা, এছাড়াও উপজেলা পরিষদের মাসিক বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে মাসিক মনোহরী/আনুষঙ্গিক (কাগজ, কলম, পত্রিকা বিল ইত্যাদি) মালামাল ক্রয় বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, উপজেলা পরিষদের মাসিক ইন্টারনেট বিল ২,১০০/- (দুই হাজার একশত) টাকা। উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্তঃ</u>- উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। <u>উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলঃ</u>- উপজেলা প্রকৌশলী, রাজৈর নিম্নবর্ণিত প্রকল্পটি ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে অনুমোদিত সভাপতি ও সাধারণ সম্পাদকের দ্বারা পূর্ণাঙ্গ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।

শাখারপাড় হাসেম উদ্দীন মোল্লার বাড়ির রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম ও পদবী | গঠিত কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আশিকুজ্জামান, ইউপি সদস্য, ইশিবপুর ইউপি, রাজৈর | সভাপতি |
| ০২ | জনাব হাসেম উদ্দীন মোল্লা, সমাজসেবক | সাধারণ সম্পাদক |

<u>সিদ্ধান্তঃ</u> বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৪। <u>বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রমঃ</u>

(ক) <u>উপজেলা কৃষি বিভাগঃ</u>- উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

১। বোরো আবাদ

| উফশী বোরো | হাইব্রিড | মোট |
|---|---|---|
| ৭৫৮০ হেক্টর | ২৬৩০ হেক্টর | ১০২১০ হেক্টর |

২। পাট আবাদ

| তোষা পাট | মেস্তা/ কেনাফ | মোট |
|---|---|---|
| ৬৮২০ হেক্টর | ৯৫ হেক্টর | ৬৯১৫ হেক্টর |

৩। এপ্রিল/২৩ সারের বরাদ্দ

| ইউরিয়া | ডিএপি | টিএসপি | এমওপি |
|---|---|---|---|
| ১১৮ | ১১০ | ৯৪ | ৫৫ |

আগামী মে/২৩ মাসের ২য় সপ্তাহে সিজনাল বিভিন্ন জাতের আম বাজারে আসবে। চলতি অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) হতে উপজেলা কৃষি অফিসের কালভার্ট ও সংযোগ সড়ক নির্মাণ করার অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

<u>**সিদ্ধান্তঃ**</u> বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

<u>**বাস্তবায়নেঃ**</u> উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(খ) <u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u>- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর সভায় বলেন হাসপাতালের জরুরীবিভাগের পিছনে একটি রেইনট্রি গাছ ঝড়ে গোড়াসহ উপড়ে পড়ে ও দক্ষিন দিকে পুকুরের পাশেসহ মোট তিনটি স্থানে সীমানা প্রাচীর ভেঙ্গে পড়েছে। এতে হাসপাতালের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।

নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়েছে এবং সেখান হতে দ্রুত সীমানা প্রাচীর নির্মাণের আশ্বাস পাওয়া গেছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(গ) প্রাণি সম্পদ বিভাগঃ- উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তাঁর বিভাগীয় কর্মকান্ড উপস্থাপন করেন।

গবাদি পশুর টিকা প্রদান ৩০০০ মাত্রা, হাঁস মুরগির টিকা প্রদান ৪৩০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সেবা প্রদান ১৪৭৮ টি, হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান ২৬২৮৫ টি, পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০৬ টি, কৃত্রিম প্রজনন ৮৩৪ টি, সংকর জাতের বাছুরের তথ্য ২৪০ টি, গবাদি পশুর খামার স্থাপন ০১ টি, হাঁস মুরগির খামার স্থাপন ০১ টি, খামার পরিদর্শন ০৮ টি, উঠান বৈঠকের আয়োজন ০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ০ জন, উন্নত জাতের ঘাসের চাষ ০১ একর। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঘ) স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি)ঃ- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাজৈর সভায় জানান যে, চরমস্তফাপুর হতে শাখারপাড় পর্যন্ত রাস্তা অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছিল। সে মোতাবেক রাস্তার কাজ অনুমোদিত হয়েছে। সিডিউল সংশোধন হওয়ার কারনে প্রাক্কলন অনুমোদনের জন্য পুনরায় প্রেরণ করা হয়েছে। কবিরাজপুর কালভার্টের এ্যাপ্রোচে মাটি দেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।

(ঙ) উপজেলা ত্রাণ ও পুনর্বাসন শাখাঃ- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর কাবিখা ১ম পর্যায়ে ৯০% কাজ সমাপ্ত হয়েছে এবং ২য় পর্যায়ের কাবিখা সাধারণ ৫০% সমাপ্ত হয়েছে। বীর নিবাস ২য় পর্যায়ে ৫৮ টি গৃহের কাজ ৮০% সমাপ্ত এবং ২য় পর্যায়ে এইচবিবি বরাদ্দকৃত ১ কিঃ মিঃ এর কাজ ৯০% সমাপ্ত হয়েছে। সাজ্জিরাবাদ আফতাব উদ্দীন মিনা বন্যা আশ্রয়ন কেন্দ্র ৯৩%, ইশিবপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়ন কেন্দ্রের কাজ ৩৫% সমাপ্ত ও শেখ রাসেল বন্যা আশ্রয়ন কেন্দ্রের কাজ শুরু করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতরের জন্য বরাদ্দকৃত রাজৈর উপজেলায় ১৭৯৩ জন উপকারভোগীর মাঝে ১০ কেজি হারে চাল বিতরণ করা হয়েছে। রাজৈর শিল্পকলা একাডেমীর নিজস্ব কোন ভবন না থাকায় উপজেলা পরিষদ লাইব্রেরির নিচতলায় অস্থায়ীভাবে শিল্পকলার একাডেমীর কাজ চলমান রয়েছে। নতুন ভবন নির্মাণ করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করা হচ্ছে। নতুন ভবন নির্মাণ না হওয়া পর্যন্ত উপজেলা পরিষদ লাইব্রেরির নিচতলায় শিল্পকলা একাডেমীর কার্যক্রম পরিচালনা করার জন্য প্রস্তাব করেন। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(চ) উপজেলা শিক্ষা বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, আগামী ৩০/০৪/২০২৩ তারিখ হতে এসএসসি/দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষা ০৬ টি কেন্দ্রে (এসএসসি-০৩, এসএসসি ভোকেশনাল-০২ ও দাখিল-০১ টি) উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আনিসুজ্জামান মহোদয়ের নেতৃত্বে সুষ্ঠু সুন্দর ও নকলমুক্তভাবে শুরু হবে। ২০২৩ সালের মাধ্যমিক পর্যায়ের বিনামূল্যে প্রাপ্ত পাঠ্যপুস্তক ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানে সকল পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২৩ গত ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ মঙ্গলবার অত্র উপজেলায় সমাপ্ত হয়েছে। জেলা পর্যায়ে প্রতিযোগিতা আগামী ০২/০৪/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর, মাদারীপুর।

(জ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেনঃ

| খাবার বড়ি | | ইনজেক্টাবলস | | কনডম | | আইইউডি | | ইমপ্লান্ট | | স্থায়ী পদ্ধতি | | প্রজননক্ষম হার CAR |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | মাসিক লক্ষ্যমাত্রা | অর্জন | |
| ১৫৭২ | ৮১২ | ৭৬৬ | ২৬০ | ২৮২ | ৭৬ | ৬০ | ০ | ৭৭ | ৪৮ | ২০ | ১৮ | ৭৬% |

মোট সক্ষম দম্পতি ৪৮৭৩৩ জন, গ্রহণকারী ৩৬৯০২ জন। এছাড়া, সপ্তাহে সোমবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্সে বন্ধ্যাত্বকরণ ক্যাম্প অনুষ্ঠিত হয়। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। এ কার্যক্রম আরো জোরদার করতে সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঝ) উপজেলা সমাজসেবা বিভাগঃ- উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর বলেন যে, রাজৈর উপজেলার সকল প্রকার ভাতার ৩য় কিস্তির পেরোল সঠিকভাবে প্রেরণ করা হয়েছে। সকল ইউনিয়নের সকল প্রকার ভাতার মৃত্যু প্রতিস্থাপনের কাজ সম্পন্ন করার জন্য প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করছি। প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপ ও নাম্বার পরিবর্তনের কাজ চলমান রয়েছে। যে সকল প্রতিবন্ধী ভাতার আওতায় আছে কিন্তু জরিপকার্য সম্পন্ন করে নাই অনতিবিলম্বে তাদের জরিপকার্য সম্পন্ন করার জন্য অবহিত করা হয়েছে। এ ব্যাপারে পৌর মেয়রসহ সকল ইউনিয়নের চেয়ারম্যানদের সহযোগিতা একান্তভাবে কামনা করছি। উপজেলা সমাজসেবা ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় মাতৃকেন্দ্রে ২০৫০০০/- মূল বিনিয়োগ, আর.এস.এস প্রকল্প গ্রামে ১৫৯৬৫০০/- ও প্রতিবন্ধী ক্ষুদ্র ঋণ কার্যক্রমে ১৫০০০০/- পুনঃ বিনিয়োগ করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের জন্য জনপ্রতি ৫০০০০/- করে ৩৬ জন রোগীর চেক পাওয়া গিয়াছে, যা প্রদানের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঞ) উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় বরাদ্দকৃত মোট ঋণ তহবিল (রাজস্ব) ২৫৩৮৮০০/- টাকা; মোট ঋণ বিতরণ ৩৩৫০২৫০০/- টাকা; আদায়যোগ্য আসল ৩০২৪০৯৭০/- টাকা। আদায়কৃত আসল ২৯৯৪৯৫৮৫/- টাকা। ঋণ আদায়ের হার ৯৯.০৩%। মোট ঋণ খেলাপী ২৮৪০৮৭/- টাকা। ঋণ খেলাপীর সংখ্যা ৩৫ জন। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩৩৬ জন। ২০২২-২৩ অর্থ বছরে ঋণ গ্রহীতার সংখ্যা (পুঃ ০৮+মঃ ২১) ২৯ জন, যুব ঋণ বিতরণ ১৪৬০০০০/- ও প্রশিক্ষণ (পুঃ ০৮+ মঃ ১১২) ১২০ জন, ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ২১৫৬+মঃ ৪২৩৬) ৬৩৯২ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ১০৩৬+মঃ ২০০৪) ৩০৪০ জন, পরিবার ভিত্তিক কর্মসূচীর (বরাদ্দ) ২০০০০০০/- টাকা, বিতরণ- ৩৪৪০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৩৩৬০০০০/- টাকা, আদায়কৃত আসল ৩৩৬০০০০/- টাকা। আদায়ের হার ১০০%, ঋণীর সংখ্যা ৩১৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৭১+মঃ ১৪৪) ৩১৫ জন, মোট ঋণ খেলাপি ০, ঋণ খেলাপীর সংখ্যা ০ জন ও প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পে ঋণের মোট বরাদ্দ ৪০০০০০/- বিতরণ- ৪৫০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৪৫০০০০/- টাকা, আদায়কৃত আসল ৪১৪৮৩৩/-টাকা, আদায়ের হার ৯২%। মোট ঋণ খেলাপী ৩৫১৬৭/-, ঋণ খেলাপীর সংখ্যা ০১ জন, মোট ঋণীর সংখ্যা ১৫ জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০) ০ জন। ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩) ২২০০ জন, ২০২২-২৩ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ৪০৮+মঃ ৭৫২) ১১৬০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা ২৪ টি। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ট) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ- উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈর, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম নিম্নরূপভাবে উপস্থাপন করেনঃ

| বিবরণ | লক্ষ্যমাত্রা | | অর্জন | | হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | মাসে | বছরে | মাসে | বছরে | | |
| সমিতি/দল গঠন | ০১ | ০৩ | ০ | ১ | ৩৩% | |
| সদস্য/সদস্যা ভর্তি | ৩৫ | ৩৮৪ | ৩৬ | ২৯৯ | ৭৮% | |
| শেয়ার আদায় | .০৬ | .৮০ | ০ | .১২ | ২০% | |
| সঞ্চয় আদায় | ৫.২৯ | ৬১.৪০ | ৬.৯৯ | ৭৫.৬৫ | ৯৯% | |
| ঋণ বিতরণ | ১৪০.০০ | ১৬৫৯.৪৯ | ১৬৫.১৭ | ১৬৫৮.৬৫ | ৯৯% | |
| ঋণ আদায় | ২৭২.৫০ | ১৫২০.০৯ | ১২১.৮৭ | ১৩৭৩.৩২ | ৯০% | |
| প্রশিক্ষণ | ৫০ জন | ১৭৫০ জন | ১০ | ২৪৩ | ১৩% | |

প্রকল্প গ্রহণ:- মৎস্য চাষ- ৮৫ টি, গরু মোটাতাজাকরণ- ৬২ টি, হাঁস মুরগি পালন- ৯৭ টি, সবজি চাষ- ১২৪ টি, ক্ষুদ্র ব্যবসা- ১০৮ টি ও কৃষি কাজ- ৯২ টি। সর্বমোট-৫৬৮ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঠ) উপজেলা সমবায় বিভাগঃ- উপজেলা সমবায় কর্মকর্তা তার বিভাগীয় কাজের অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-

| ক্রম | বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সমবায় সমিতির সংখ্যা | বিভাগীয় কেন্দ্রীয় | বিভাগীয় প্রাথমিক | | পাউবোর কেন্দ্রীয় | পাউবোর প্রাথমিক |
| | | ০২ টি | ২২৭ টি | | ০১ টি | ১৭৯ টি |
| ০২ | অডিট সংক্রান্ত | অডিট বরাদ্দ | অডিট সম্পন্ন | | | |
| | | ২২৭ টি | প্রাথমিক-২২৭ টি, কেন্দ্রীয়-২ টি | | - | - |
| ০৩ | অডিট ফি | অডিট ফি ধার্য | অডিট ফি আদায় | | - | - |
| | | ৩৫২৫০/- | ৩৫২৫০/- | | - | - |
| ০৪ | সমবায় উন্নয়ন তহবিল | ধার্য | আদায় | | - | - |
| | | ৩৭৫৬৭/- | ৩৭৫৬৭/- | | - | - |
| ০৫ | গঙ্গাবর্দি আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) | ঋণ বিতরণ (ক্রমপুঞ্জি) | ঋণ আদায় (ক্রমপুঞ্জি) | | সার্ভিস চার্জ আদায় | ঋণ পাওনা |
| | | ৪,৭৫,০০০/- | ৩৮৫২৫০/- | | ২৬,১৬০/- | ৮৯৭৫০/- |
| ০৬ | দুগ্ধ প্রকল্প | ঋণ বিতরণ | ঋণ আদায়যোগ্য | আদায়যোগ্য হয়নি | ঋণ আদায় | সার্ভিস চার্জ আদায় |
| | | ৪৬৭.০০ | ৪৩০.৮০ | ৩৬.২০ | ২৬৩.৪৩১ | ৩২.৫৯৮ |

দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমবায় অফিসার, রাজৈর, মাদারীপুর।

(ড) নির্বাচন বিভাগঃ- উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্রম | সেবাসমূহের বিবরণ | আবেদন সংখ্যা | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | অনিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | নতুন ভোটার নিবন্ধন | ৮৫ | ৮৫ | ০০ | |
| ০২ | ভোটার স্থানান্তর | ১০৬ | ১০৬ | ০০ | |
| ০৩ | জাতীয় পরিচয়পত্র সংশোধন (ক' ক্যাটাগরি) | ৪৮ | ৩০ | ১৮ | ১৮ জন আবেদনকারীর নিকট সংশোধনের সমর্থনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র চাওয়া হয়েছে। অনলাইন পোর্টালে আবেদনকারীর প্রতিক্রিয়ার জন্য আবেদনগুলো অপেক্ষমান রয়েছে। |
| ০৪ | দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটকেন্দ্র প্রস্তুতের জন্য ভোটকেন্দ্র পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। | | | | |
| ০৫ | স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম চলমান আছে। | | | | |

সকলের সহযোগিতা কামনা করা হয়।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঢ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ণ) উপজেলা মৎস্য বিভাগঃ- উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৩ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়েছে। দেশীয় প্রজাতীর মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫ জন এফআইডি ধারী মৎস্যজীবিদের মৎস্য আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাটকা সংরক্ষণ ও ক্ষতিকর জাল (চায়না জাল, কেরেন্ট জাল) ইত্যাদি বন্ধে নিয়মিত বাজার পরিদর্শণ ও অভিযান পরিচালিত হচ্ছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম ও মৎস্য সম্প্রসারণমূলক কাজ উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। সকলের সহযোগিতা কামনা করা হয়।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ত) উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(থ) উপজেলা বন বিভাগঃ- উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, চৌধারীবাড়ি উচ্চ বিদ্যালয় হতে মন্টুলালের বাড়ি পর্যন্ত এবং সুভাষ বালার বাড়ি হতে আলখুর পুকুর পর্যন্ত ২০০১-০২ সনের ১.৬ কিঃ মিঃ সংযোগ সড়ক এবং রাজৈর বড় ব্রীজ হতে চেন্ধারীবাড়ি মন্দির পর্যন্ত ২০০১-০২ সনের ১০ কিঃ মিঃ সংযোগ সড়ক (২য় আবর্তের) বাগানের বৃক্ষাদির নিলামে বিক্রয় করা প্রয়োজন। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিধিমোতাবেক বর্ণিত বাগানের বৃক্ষাদি নিলামে বিক্রয় ও দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচলনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(দ) উপজেলা পরিসংখ্যান বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ধ) উপজেলা হিসাবরক্ষণ অফিসঃ কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(গ) উপজেলা খাদ্য বিভাগঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, ২৪-০৪-২০২৩ খ্রি তারিখের টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের মজুদ-ক) চাল ২৬৪.১৩৩ মেঃ টন, খ) গম ঃ ১০৮৬.১৯২ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ১,৭৫,১৫৯ খানা। সরকার এ বছর সারা দেশ থেকে অভ্যন্তরীণভাবে ০৪.০০ লক্ষ টন ধান, ১২.৫ লক্ষ টন চাল এবং ২.০০ লক্ষ টন গম সংগ্রহ করবে। রাজৈর উপজেলায় কৃষকে অ্যাপের মাধ্যমে ধান ক্রয় করা হবে। সে লক্ষ্যে উপজেলা কৃষি অফিসার, রাজৈর তাঁর মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের সহযোগিতা করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সবিনয় অনুরোধ করেন। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২২ জন ডিলারের মাধ্যমে ৬,৯৮১ জন সুবিধাভোগীদের মধ্যে বর্তমানে যাচাইকৃত/ অনুমোদনকৃত কার্ড সংখ্যা ৬,৭২৬টি। এপ্রিল/২৩ মাসে এ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়েছে। ভোক্তা প্রতি ৩০কেজি করে ১৫/- টাকা দরে এ চাল বিক্রয় করা হয়। রাজৈর পৌরসভায় প্রতিদিন (শুক্র, শনি ও সরকারি ছুটি ব্যতীত) খোলা বাজারে মোট ০৩টি ডিলার- প্রত্যেক ডিলারের মাধ্যমে ১.০০০ মেঃ টন করে সর্বমোট ৩.০০ মেঃ টন চাল ১৮-০৪-২০২৩ খ্রি তারিখ পর্যন্ত বিক্রয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ওএমএস কার্যক্রম বন্ধ রয়েছে। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে।

সিদ্ধান্ত- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।

(ঘ) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)ঃ- উপসহকারী প্রকৌশলী (বিএডিসি), রাজৈর সভায় জানান যে, হোসেনপুর ইউনিয়নের কাশিয়ারা খাল এর পুনঃখনন কাজ চলমান রয়েছে। এছাড়া কদমবাড়ি ইউনিয়নের উত্তরবাড়ি-মহিষমারী খাল পুনঃখনন কাজ চলমান। বিভাগীয় অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপসহকারী প্রকৌশলী (বিএডিসি), রাজৈর, মাদারীপুর।

(ঙ) বিদ্যুৎ বিভাগঃ- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর বিদ্যুৎ বিভাগের কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

(১) ২০২২-২০২৩ অর্থ বছরে লাইন নির্মাণ-চলতি-০ কিঃ মিঃ, ক্রমপুঞ্জিত-২.৩৬ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ (মার্চ-২০২৩)ঃ- আবাসিক-২৩৬ টি, বানিজ্যিক-৩৭ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০ টি, শিল্প-০৫ টি, সেচ-০৬, অটো চার্জ স্টেশন-০, অন্যান্য-০২, মোট-২৮৭ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৩৮৭১ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া মার্চ-২০২৩ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ১৬৩৬৮৩৭/- টাকা।

সিদ্ধান্ত- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।

(চ) পল্লী সঞ্চয় ব্যাংকঃ- শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্রমিক নং | উপজেলার নাম | সমিতির সংখ্যা | সদস্য সংখ্যা | সঞ্চয় আদায় | | | [illegible] | ঋণ তহবিল প্রদান | সমিতির মোট তহবিল | প্রবৃদ্ধিসহ মোট তহবিল | বার্ষিক লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | ১০ মাসের বার্ষিক | ক্রমঃ | | | | | |
| ০১ | রাজৈর | ২২২ | ১০২১৫ | ৩.২৪ | ১৮.৯৯ | ৫৫৪.৬২ | ৩৫৯.৭৬ | ৫৬৮.৪০ | ৯৫৮.১৬ | ১৫১২.৭৮ | - |

| ঋণ বিতরণ | | | | | বার্ষিক [illegible] | ঋণ আদায় | | | | | চলতি বকেয়া | [illegible] | [illegible] | [illegible] | মোট পাওনা ঋণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমঃ | | লক্ষ্যমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমঃ | | | | | |
| ১৬৭০.০ | ১০২.৪০ | ৮৬৩.৯১ | ৬৫% | ৭৩২২.৯৮ | ১৩৭১.২০ | ১৬৫০.০০ | ১০৭.৭৭ | ৯৪০.৩৩ | ৫৭% | ৫৫৪০.৪২ | ৪৭৭.২৩ | ১৩৬.২৪ | ২১২.৯৮ | ২৮৮.০৭ | ১৫৩৫.৬৬ |

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর, মাদারীপুর।

(ছ) উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগঃ- উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের আওতায় পল্লী অঞ্চলের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠিকে সংগঠিত করে কার্যকরী ঋণদান কর্মসূচী, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ, নারীর ক্ষমতায়ন এবং সদস্যদের পুঁজি গঠন করে দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। মোট সমিতি-লক্ষমাত্রা ৭৩ অর্জন ৭১ টি, মোট সদস্য সংখ্যা-২২৫৭ জন অর্জন ২২৪০ জন,ঋণী সদস্য সংখ্যা লক্ষমাত্রা-৮৫০ জন অর্জন ৮০৮ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা-২৬০.৫০ লক্ষ অর্জন ২১৫.০০ লক্ষ, চলতি বছরে ঋণ আদায়-২৫০.৯৯ লক্ষ অর্জন ২১৪.০০ লক্ষ, মোট খেলাপি (ক্রমপুঞ্জিত) লক্ষমাত্রা-৫৮.০৬ লক্ষ অর্জন ৫৪.৬৮ লক্ষ, ঋণ মাঠে পাওনা লক্ষমাত্রা-২৫২.৫৫ লক্ষ অর্জন ২৩৫.২৭ লক্ষ, আদায়ের হার (চলতি ঋণ) লক্ষমাত্রা-৯৮% অর্জন ৯৭%, সদস্য প্রশিক্ষণ আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড চলতি বৎসর ৫০ জন (সমিতি পর্যায়ে), পুঁজি গঠন লক্ষমাত্রা-১৩০.৫০ লক্ষ অর্জন ১১৮.৩৮ লক্ষ। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঘ) <u>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(ইউডিএফ)ঃ</u>- ইউডিএফ, রাজৈর সভায় জানান যে, ষষ্ঠ পর্যায়ে বরাদ্দ আগামী মে মাসে সারা বাংলাদেশে পাশকৃত উপজেলা এর আওতায় আসবে। যে ০৩ টি উপপ্রকল্প নীতিগতভাবে চূড়ান্ত হয়েছে সেগুলো হলো। ১। রাজৈর বালিকা উচ্চ বিদ্যালয়ে একটি মাল্টিপারপাস হলরুম নির্মাণ, ২। পাইকপাড়া ইউনিয়নের দামেরচর বাজারে একটি ও আমগ্রাম ইউনিয়নের আমগ্রাম বাজারে একটি টয়লেট নির্মাণ, ৩। রাজৈর উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট এলইডি টিভি সরবরাহ। এর মধ্যে ৩নং উপপ্রকল্পের জন্য মোট ১৫ টি শিক্ষা প্রতিষ্ঠান হতে চাহিদাপত্র পাওয়া গেছে। এসব উপপ্রকল্পগুলি বাজেট করার জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

<u>সিদ্ধান্ত</u>- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে</u>- ইউডিএফ, রাজৈর, মাদারীপুর।

০৫। <u>নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা</u>- উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সেই সাথে কেউ যেন ভোগ্যপণ্যে কোন প্রকারের ভেজাল দিতে না পারে সেদিকে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি আরও জানান যে, নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুযায়ী নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। খাদ্যে ভেজাল সংক্রান্ত কোন তথ্য জানার পর তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন, রাজৈরকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করেন।

<u>সিদ্ধান্ত</u>ঃ উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। <u>উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানদ্বয় ও বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ অন্যান্যদের আলোচনা ও সুপারিশঃ</u>

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ রাজৈর, সভায় বলেন ভিজিডি চাল উপকারভোগী কর্তৃক বিক্রয় করা এবং কিছু স্বার্থান্বেষী ব্যবসায়ী কর্তৃক ক্রয় করে গুদামজাত করে রাখার অভিযোগ পাওয়া গেছে। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে। শিক্ষা কমিটি পুনর্গঠন ও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে শিক্ষক সমিতির নির্বাচনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর ও এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈরকে অনুরোধ করা হয়। চৌরাশী, লক্ষের বাজার ও উমারখালী ব্রীজের এপ্রোচে মাটি না থাকায় জনগণের স্বাভাবিক চলাচল ব্যহত হচ্ছে। দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সকল সম্মানিত সদস্যদেরকে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্ত</u>ঃ সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় বলেন যে, আগামী ৩০-০৪-২০২৩ খ্রি তারিখ হতে সারাদেশের ন্যায় রাজৈর উপজেলায় মোট ০৬ টি কেন্দ্রে এসএসসি, এসএসসি ভোকেশনাল ও দাখিল পরীক্ষা নকলমুক্ত পরিবেশে শুরু হবে। সকলের সহযোগিতা কামনা করেন। প্রতি মাসের আইন শৃংখলা সভা এবং সাধারণ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ উপজেলা পরিষদের সকল তথ্য নিয়মিত ওয়েব সাইটে আপলোড করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈরকে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্ত</u>ঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা ভাইস চেয়ারম্যান, রাজৈর সভায় জানান যে, উপজেলার বিভিন্ন স্থানে মাননীয় এমপি মহোদয় কর্তৃক প্রদত্ত ৫.০০ টাকায় প্রাক্কলিত গভীর নলকূপের কাজ ঠিকাদার কর্তৃক শুধু বোরিং করে রেখেছে, কিন্তু কাজ শেষ করছে না। বরাদ্দ সংশোধনের জন্য ১৫০-৩.০০ লক্ষ টাকা নেয়া হয়। দৈত এনআইডি হওয়ার কারনে সমস্যা হওয়ায় আগের নির্বাচন অফিসার কর্তৃক লিখিত অভিযোগ দিতে বললে অভিযোগ দেয়ার পরও অদ্যাবধি কোন সুনানী হয়নি। বিষয়টি সমাধানসহ রেমিটেন্স যোদ্ধাদের এনআইডি সংক্রান্ত সকল সমস্যার আন্তরিকভাবে সমাধানের জন্য উপজেলা নির্বাচন অফিসার, রাজৈরকে অনুরোধ করা হয়। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করেন।

<u>সিদ্ধান্ত</u>ঃ সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর সভায় জানান যে, মহিষাপুর হতে নতুন ৬০০ মিঃ রাস্তাসহ মধ্যশাখারপাড় পর্যন্ত রাস্তাটি জনগণের চলাচলের স্বার্থে দ্রুত মেরামত/সংস্কার করা, শাখারপাড় প্রতিবন্ধী স্কুলে ছাত্র/ছাত্রীদের আনা-নেওয়ার জন্য ০১ টি অটো ভ্যান ও উক্ত স্কুলের সংযোগ সড়ক নির্মাণ করার জন্য প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্ত</u>ঃ সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) চেয়ারম্যান, বদরপাশা ইউপি, রাজৈর সভায়, কুমার নদী হতে রাজন্দী খাবাদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ২.৭৫ কিঃ মিঃ (ভায়া রাজার বাজার ও কমিউনিটি ক্লিনিক) পাঁকা রাস্তাটির জমি ঐ এলাকার মৃত-আবু বককর বেপারী কর্তৃক দান করা হয়েছিল। সে মোতাবেক তার পুত্র সার্জেন্ট সাখাওয়াত হোসেন, সেনাসদর, এমজিও শাখা (ইএমই পরিদপ্তর) ঢাকা সেনানিবাসসহ স্থানীয় জনগণ রাস্তার জমি দাতা মৃত-আবু বককর বেপারীর নামে নামকরণের জন্য জেলা প্রশাসক, মাদারীপুর মহোদয়ের নিকট জুলফিকার আলী ভুট্টো, লে. কর্নেল, সেনাসদর, এমজিও শাখা, ইএমই পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর মাধ্যমে গত ১৪ জুন, ২০২০ এর ২৩.০১.৯০১.০৪৮.০২.১৭৮.০১.১৪.০৬.২০ নং স্মারকে আবেদন করেছেন।

ক আবেদনের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর (স্থানীয় সরকার শাখা) এর ১৪ জুলাই, ২০২০ খ্রি তারিখের ০৫.৪১.৫৪০০.১১১.০৩.০০১.১৯-২৪৯. ১৪৯ স্মারকে বর্ণিত বিষয়ে নির্ধারিত কমিটির সভা আহবান করে সভার কার্যবিবরণীসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। এ বিষয়ে গত ২৮-০৩-২০২৩ খ্রি তারিখে বদরপাশা ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভায় বিস্তারিত আলোচনা ও নামকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। এমতাবস্থায় কুমার নদী হতে রাজপনী স্বরালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ২.৭৫ কিঃ মিঃ (ভায়া রাজার বাজার ও কমিউনিটি ক্লিনিক) পাঁকা রাস্তাটি মৃত-আবু বককর বেপারীর নামে নামকরণের জন্য সভায় প্রস্তাব করেন এবং উমার খালী ব্রীজের ঢালে এ্যাপ্রোচ নির্মাণ না করায় সর্বসাধারণসহ ছোট ছোট যানবাহন চলাচল করতে পারে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।

সিদ্ধান্ত বিস্তারিত আলোচনান্তে বর্ণিত পাঁকা রাস্তাটি মৃত-আবু বককর বেপারীর নামে নামকরণের বিষয়ে জেলা প্রশাসক, মাদারীপুর মহোদয়ের নিকট কার্যবিবরণীসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজৈরকে অনুরোধ করা হয়।

(চ) চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি, রাজৈর সভায় জানান যে, আগামী ২৭ মে, ২০২৩ খ্রি তারিখে কদমবাড়ি মহামানব গনেশ পাগল সেবাশ্রমে মেলা অনুষ্ঠিত হবে। এখানে দুর-দুরান্ত হতে লক্ষাধিক ভক্তবৃন্দের আগমন হবে। কিন্তু টেকেরহাট-কদমবাড়ি সড়কের খালিয়া রাজারাম ইনস্টিটিউশনের সামনের রাস্তাটি ভেঙে পড়ার উপক্রম হয়েছে ফলে ভক্তবৃন্দের আসা-যাওয়া মারাত্মক ঝুকির মধ্যে পড়বে। এ কারণে রাস্তার ঐ ঝুকিপূর্ণ অংশটি দ্রুত মেরামত/সংস্কার করা প্রয়োজন। একই সড়কের দুই পাশের মরা, ঝড়ে উপড়ে পরা ও ঝুকিপূর্ণ গাছ দ্রুত কর্তন করা প্রয়োজন। বড়খোলা হতে নটাখোলা হয়ে আনন্দপুর হয়ে কদপুর পর্যন্ত ও ফুলবাড়ি হতে বামনবাড়ি হয়ে রথবাড়ি পর্যন্ত রাস্তা জরুরীভিত্তিতে কার্পেটিং করা প্রয়োজন। এলাকার জনগণের যাতায়াতের স্বার্থে নারায়নপুর হতে লক্ষীপুর পর্যন্ত রাস্তা দ্রুত মাটি দ্বারা নির্মাণ করা প্রয়োজন। উপযুক্ত ব্যক্তিগণ না পাওয়ার কারনে জরুরীভিত্তিতে কিছু ভিজিডি কার্ড পরিবর্তন করা প্রয়োজন। গর্ভবতী মায়েদের ভাতা জনসংখ্যার ভিত্তিতে নিয়মানুযায়ী বন্টন করার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ করেন। বয়স্কসহ বিভিন্ন ভাতাভোগীদের অনেকেই ভাতা পাচ্ছে না। সকল ভাতাভোগীদের ভাতা পাওয়া নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ করেন। জমি আছে ঘর নাই এ প্রকল্পের আওতায় গৃহহীনদের ঘরের ব্যবস্থা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ করেন। গোপালগঞ্জ-টেকেরহাট সড়কের জেল্লাবাড়ি ব্রীজের কাজ সম্পূর্ণ সমাপ্ত হয়েছে। এ কারণে দ্রুত ব্রীজের নিচের পানি প্রবাহের প্রতিবন্ধকতা অপসারণকরে কদমবাড়িতে খোলা পানি প্রবেশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ।

সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) সভাপতি, দুপক, রাজৈর সভায় জানান যে, রাজৈর বাজারের উত্তরপাশে কুমার নদীর উপর একটি জয়েন্ট ব্রীজ ছিল। যা দিয়ে বদরপাশা ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন পরিষদ ভবন ও কৃষি কলেজে প্রতিদিন শিক্ষার্থীরা যাতায়াত করে থাকে। কিন্তু কুমার নদী খননের সময় পুরাতন জয়েন্ট ব্রীজটি ভেঙে ফেলায় শিক্ষার্থীগণসহ সর্বসাধারণের যাতায়াতে ভোগান্তি হচ্ছে। এখানে একটি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ চত্বরের উত্তরপাশে পানি নিষ্কাসন ব্যবস্থা, কলেজ রোডে সুপেও পানির লাইন নির্মাণ ও বর্জ্য নিষ্কাসন ব্যবস্থা করার জন্য মেয়র, রাজৈর পৌরসভা, মাদারীপুরকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ৬৯২

তারিখঃ ২৬/০৪/২০২৩ খ্রি

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো)ঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। উপজেলা ............................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান (সকল), ................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
১১। অফিস কপি।

২৬/০৪/২৩

উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।